

এ দায় আমারই

শিউলির নক্ষপতনের মতো  
তোমার স্মৃতি মসৃণ পথ করে  
নিলয় অলিন্দে আমার।

বন্ধুর হৃদদেশে হাত বোলাই  
'দাও ভুলিয়ে যন্ত্রণা স-অ-ব।'  
বোধ উত্তর দ্যায় — এত সহজ নয়  
চলো আর একটু পথ।  
বইতে যে হবে আরো বড় এক নদীমালা।  
বড় ক্লান্ত আমি। জীবন নাও না তোমার পথটুকু  
তুমিই বহন করে —  
জীবন নিত্তর —  
বুঝি এ দায় আমারই।

মিতা নাগ ভট্টাচার্য

